

AC/ICT
219129

জেলা প্রশাসকের কার্যালয় সিলেট	
পত্র.....২৭	তারিখ: ২৩/৬/১৭
উপ-প্রোগ্রামার (মুন্সিফ অফিস)	জরুরী পেশা
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)	পেশা করণ
অতিরিক্ত জেলা প্রশাসক (সিটি)	অন্যান্য কর্মসূচি
অতিরিক্ত জেলা প্রশাসক (সিটি)	নথীভুক্ত করণ
অতিরিক্ত জেলা প্রশাসক (সিটি)	
অন্যান্য	

Subject: Re: উপজেলা পর্যায়ে ইমাম বাতায়ন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন প্রসঙ্গে।

ধন্যবাদ স্যার

2017-06-29 9:54 GMT+06:00 Asad-Uz-Zaman <asad@a2i.pmo.gov.bd>:

প্রিয় মহোদয়,

প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের তরফ থেকে শুভেচ্ছা।

সাম্প্রতিক সময়ে দেখা গেছে যে, বেশ কিছু উপজেলায় কনফারেন্স রুম বা হল রুমে কম্পিউটার/ল্যাপটপ ছাড়া ইমাম বাতায়ন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। ইমাম বাতায়ন বিষয়ক প্রশিক্ষণের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক (প্রশাসন) ও এটুআই প্রোগ্রামের প্রকল্প পরিচালক মহোদয়ের নির্দেশনাসমূহ নিম্নরূপ:

- ১। উপজেলা পর্যায়ে উপজেলাধীন সকল ইমাম-মুয়াজ্জিনগণের জন্য দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন করা।
- ২। প্রশিক্ষণটি কম্পিউটার, মাল্টিমিডিয়া প্রোজেক্টর ও ইন্টারনেট সুবিধা সম্বলিত ল্যাভে করা।
- ৩। এ প্রশিক্ষণ কর্মশালার মাধ্যমে সকল ইমাম-মুয়াজ্জিনগণকে বাতায়নে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা।
- ৪। ইমাম মুয়াজ্জিনগণকে হাতে কলমে ইমাম বাতায়নে কনটেন্ট আপলোড, ডাউনলোড, ব্লগিং ইত্যাদি শিখানো।
- ৫। এ প্রশিক্ষণে প্রত্যেক ইমাম ও মুয়াজ্জিন কমপক্ষে একটি করে কনটেন্ট (ছবি/ভিডিও/অডিও/ব্লগ) ইমাম বাতায়নে আপলোড/ডাউনলোড করবেন।
- ৬। বরাদ্দকৃত অর্থ থেকে ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণের রিসোর্স পার্সন সম্মানী, ইমাম-মুয়াজ্জিনগণের যাতায়াতসহ প্রশিক্ষণের সকল খরচ বহন করা।
- ৭। ১৫ জুলাই ২০১৭-এর মধ্যে এ প্রশিক্ষণ সম্পন্ন করা।
- ৮। প্রশিক্ষণের তারিখ চূড়ান্ত করে imamportal.bd@gmail.com এই ইমেইলে জানানো হলে এটুআই প্রোগ্রাম থেকে প্রতিনিধি অংশগ্রহণ করবেন।

এ বিষয়ক যেকোন প্রয়োজনে এটুআই প্রোগ্রামের ইমাম বাতায়ন বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব মুফতি হাবিবুর রহমান (ফোন: ০১৯১১ ৪৩ ৮৯ ২৯)-এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

ধন্যবাদসহ,

আসাদ


Asad-Uz-Zaman
Policy Expert
Access to Information (a2i) Programme
Prime Minister's Office

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
(আইসিটি শাখা)

স্মারক নং-০৫.৪৬.৯১০০.০২৪.৩২.০০১.১৪. ২৭০

তারিখ : ১৮ আষাঢ় ১৪২৪
০২ জুলাই ২০১৭

অনুলিপি: উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট। ই-মেইল বার্তার আলোকে ইমাম বাতায়ন বিষয়ক ওরিয়েন্টেশন কর্মশালা আয়োজনের
প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০২/০৭/২০১৭

(মুহাম্মদ আশরাফুল আলম)

সহকারী কমিশনার

আইসিটি শাখা

জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।

ফোন: ৭১৬০৪১

ই-মেইল: acicstyllhet@gmail.com